



বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

বিনিয়োগ অগ্রাধিকার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও ঢাকা-১২০৭।
www.bhtpa.gov.bd

স্মারকনং ৫৬.০২.০০০০.০১৪.১৮.০০৮.২৩- ৫৯

তারিখ: ৩১/০৩/২০২৪ ইং

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেন চার্টার এর কর্মপরিকল্পনার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি, ২০২৪ হতে মার্চ, ২০২৪ পর্যন্ত)-এর প্রতিবেদন।

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৩-২৪ প্রস্তুত করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতিকে ০৩ (তিনটি) ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে। গত ৩১ জানুয়ারি, ২০২৪ ইং তারিখে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। প্রস্তুতকৃত সিটিজেন চার্টার গত ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ ইং তারিখে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েব সাইডে (www.bhtpa.gov.bd) আপলোড করা হয়েছে (কপি সংযুক্ত)।


০২। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর আওতায় নাগরিক সেবায় বিনিয়োগকারীদের তথ্য সেবা প্রদান, স্পেস বরাদ্দের আবেদন, জমি/প্লট বরাদ্দের আবেদন, বিনিয়োগকারীকে পার্কের অভ্যন্তরীণ ইউটিলিটি সেবা প্রদান, ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল রক্ষণাবেক্ষণ, উৎপাদন পযায়ে কাঁচামাল আমদানী সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়ন ও প্রত্যায়ন, বিনিয়োগকারীদের ব্যাংকিং সংক্রান্ত কাজে সহায়তা প্রদান, ওয়ার্ক পার্মিট, প্রজেক্ট রেজিস্ট্রেশন, ভিসা সুপারিশ, প্রজেক্ট ক্লিয়ারেন্স, ১ম এডহক আমদানি সনদ (IRC) এর সুপারিশ, ভিসা এ্যাসিস্টেন্স সেবাসমূহ, প্রাতিষ্ঠানিক সেবায় অনলাইন বা সোস্যাল মিডিয়ায় বিভিন্ন তথ্য বা প্রশ্নোত্তর প্রদান এবং অভ্যন্তরীণ সেবায় চাকরি স্থায়ীকরণ, পদোন্নতি সংক্রান্ত বিষয়, অর্জিত ছুটি মঞ্জুর, শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর, বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর, সাধারণ ভবিষ্যত তহবিল এর অগ্রিম মঞ্জুরি, আইসিটি সংশ্লিষ্ট সিস্টেমের উন্নয়ন মেরামত ও রক্ষণাবেক্ষণ প্রদান করা হয়।

০৩। সিটিজেন চার্টার কর্মপরিকল্পনার অংশ হিসেবে গত ০৭ মার্চ, ২০২৪ ইং তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে অনলাইন প্লাটফর্মে (জুম অ্যাপ) এ সভা অনুষ্ঠিত হয় (কপি সংযুক্ত)।

০৪। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রস্তুতকৃত সিটিজেন চার্টার মোতাবেক সেবা প্রদান করা হচ্ছে কি না এ বিষয়ে বিনিয়োগ শাখা পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষনান্তে দেখা যায় যে, বিনিয়োগ শাখা হতে নিম্নবর্ণিত নাগরিক সেবা সঠিকভাবে প্রদান করা হয়:

ক্র:	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১।	স্পেস বরাদ্দের আবেদন	অনলাইনে/ সরাসরি হার্ডকপির মাধ্যমে আবেদন গ্রহণ (ওএসএস পোর্টালের মাধ্যমে)	১। নির্ধারিত ফরমে আবেদনপত্র (সংযুক্তি)। ২। জনবলের তথ্য ৩। ভবিষ্যত কর্ম পরিকল্পনা ৪। বার্ষিক টার্নওভার রিপোর্ট (সর্বশেষ বছরের ১টি) ৫। ট্রেড লাইসেন্স (ফটোকপি ১ টি) ৬। জাতীয় পরিচয় পত্র (ফটোকপি ১টি) ৭। ভ্যাট ও টিন সার্টিফিকেট (ফটোকপি ১ টি) ৮। অডিট রিপোর্ট (সর্বশেষ-৩ বছরের)	বিনামূল্যে	৭ কার্যদিবস	সঠিকভাবে সেবা প্রদান করা হয়।
২।	জমি/প্লট বরাদ্দের	অনলাইনে/ সরাসরি	১। নির্ধারিত ফরমে আবেদনপত্র (সংযুক্তি)। ২। জনবলের তথ্য	বিনামূল্যে	৭ কার্যদিবস	

ক্র:	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	মন্তব্য
	আবেদন	হার্ডকপির মাধ্যমে আবেদন গ্রহণ (ওএসএস পোর্টালের মাধ্যমে)	৩। ভবিষ্যত কর্ম পরিকল্পনা ৪। বার্ষিক টার্নওভার রিপোর্ট (সর্বশেষ বছরের ১টি) ৫। ট্রেড লাইসেন্স (ফটোকপি ১ টি) ৬। জাতীয় পরিচয় পত্র (ফটোকপি ১টি) ৭। ভ্যাট ও টিন সার্টিফিকেট (ফটোকপি ১ টি) ৮। অডিট রিপোর্ট (সর্বশেষ-৩ বছরের)			



(জি এস এম জাফরউল্লাহ, এনডিসি)
ব্যবস্থাপনা পরিচালক (গ্রেড-১)

ফোন : ৫৫০০৬৯৫৩



সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার, অগারগাঁও, ঢাকা।

[দৃ:আ: উপসচিব (কর্মসম্পাদন ও কৌশল শাখা), আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ]